



ত্রিশাল পৌরসভা কার্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ


স্থাপিত - ১৯৯৮ ইং

স্মারক নং: ত্রি-পৌ/স্বাস্থ্য/২০২৩/৮৫৮

তারিখ: ২০/০৮/২০২৩ খ্রি:।

ত্রিশাল পৌরসভা এলাকায় ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম সমূহ

- ১। পৌরসভার কর্মকর্তা/কর্মচারী দ্বারা ০৩ (তিন) টি টিম গঠন করে বাসা-বাড়ী পরিদর্শন করে এলাকার জনসাধারণকে বাড়ীর আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, ফুলের টব, ফ্রিজে জমানো পানি, পরিত্যক্ত টায়ার, ডাব-নারিকেলের খোসা, প্লাস্টিকের বোতলে পানি না জমে থাকার জন্য সচেতন ও উদ্বুদ্ধ করন।
- ২। ডেঙ্গু সচেতনতার জন্য পৌর এলাকায় মাইকিং করন।
- ৩। ডেঙ্গু সচেতনতার জন্য পৌর এলাকায় লিফলেট বিতরন।
- ৪। রাস্তার মোড়ে মোড়ে ডেঙ্গু সচেতনতা বিষয়ক প্যানা স্থাপন।
- ৫। ফগার মেশিনের সাহায্যে মশক নিধন ঔষধ ছিটানো অব্যাহত।
- ৬। মশার লার্ভা নিধনের জন্য ড্রেনে স্প্রে মেশিনের মাধ্যমে ঔষধ ছিটানো অব্যাহত।
- ৭। পৌর এলাকার সমস্ত ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন করন অব্যাহত।
- ৮। পৌর এলাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নিয়ে ডেঙ্গু সচেতনতা বিষয়ক আলোচনা করন।
- ৯। পৌর এলাকার মসজিদের ঈমাম সাহেবদের মাধ্যমে শুক্রবারে জুম্মার নামাযের সময় ডেঙ্গু সচেতনতা বিষয়ক আলোচনা।
- ১০। পৌর এলাকার প্রতিটি ওয়ার্ডে কাউন্সিলরগণের মাধ্যমে জনসাধারণের মধ্যে ডেঙ্গু সচেতনতা বিষয়ক আলোচনা।



এবিএম আনিছুজ্জামান

মেয়র

ত্রিশাল পৌরসভা, ময়মনসিংহ।

‘ডেঙ্গু’ সংক্রান্ত



বিশেষ সতর্কবার্তা

ডেঙ্গুর প্রাদুর্ভাব বর্তমানে সারাদেশে ছড়িয়ে পড়েছে। মূলত শহর কেন্দ্রিক এ রোগ এবং কেবলমাত্র এডিস মশা দিনে কামড়ালে এ রোগ ছড়ায়-এ ধারণার বর্তমানে পরিবর্তন হয়েছে। দিনে বা রাতে যে কোন সময় ডেঙ্গুবাহী এডিস মশার কামড়ে এর সংক্রমণ ঘটতে পারে। পাশাপাশি এ রোগের লক্ষণ জ্বর ছাড়াও শরীরের যে কোন অসুস্থতার মাধ্যমে প্রকাশ পেতে পারে। কাজেই পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য দ্রুত ডেঙ্গু টেস্ট করিয়ে নিশ্চিত হতে হবে।

লক্ষ্য করুন

- এ রোগের প্রধান লক্ষণ জ্বর হলেও বর্তমানে অন্যান্য লক্ষণ যেমন- মাথা ব্যথা, শরীরে লালচে দানা, শরীরে ব্যথা, হাড়ে ব্যথা, চোখে ব্যথা, বমি বমি ভাব, বমি হওয়া, পাতলা পায়খানা ইত্যাদিও ডেঙ্গু সংক্রমণের লক্ষণ হতে পারে।
- জ্বর হলে স্বাভাবিক খাবারের পাশাপাশি বেশি বেশি তরল খাবার খাবেন। যেমন- স্যালাইন, ডাবের পানি, লেবুর শরবত, ফলের রস, স্যুপ ইত্যাদি।

এডিস মশা ডিম পাড়া ও বংশ বিস্তারের স্থান



- জ্বর হলে বা অন্যান্য লক্ষণ দেখা দিলে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিয়ে ডেঙ্গু পরীক্ষা করান। আগামী ০১ মাস সকল সরকারি হাসপাতলে ১০০ টাকার পরিবর্তে ৫০ টাকায় ডেঙ্গু পরীক্ষা করানো যাবে।
- চিকিৎসকের পরামর্শ ব্যতিত প্যারাসিটামল ছাড়া অন্য কোন ঔষধ খাবেন না।

ডেঙ্গু রোধে

- আপনার বাড়ির আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন, ডেঙ্গু মুক্ত থাকুন। আপনার বাড়ির ফুলের টব, ফ্রিজে জমানো পানি, পরিত্যক্ত টায়ার, ডাব/নারিকেলের খোসা, প্লাস্টিকের বোতল ও আশে পাশে পড়ে থাকা পাত্রে জমে থাকা পানি ০৩ দিনের মধ্যে ফেলে দিন।
- অব্যবহৃত পানির পাত্র ধ্বংস অথবা উল্টে রাখতে হবে যাতে পানি না জমে।
- দিনে অথবা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করুন।
- ডেঙ্গু শক সিনড্রোম থেকে বাঁচতে দ্রুত ডেঙ্গু পরীক্ষা করিয়ে চিকিৎসা গ্রহণ করুন। অন্যথায়, পরিস্থিতি ভয়াবহ হতে পারে।

সচেতনতাই জয়
ডেঙ্গু থেকে মৃত্যু, আর নয়

ডেঙ্গু প্রতিরোধে ত্রিশাল পৌরসভা তৎপর। আপনিও সতর্ক থাকুন, সুস্থ থাকুন।
ত্রিশাল পৌরসভার কাজে সহযোগিতা করুন।

জনস্বার্থে-

এবিএম আনিচুজ্জামান

মেয়র, ত্রিশাল পৌরসভা, ময়মনসিংহ।

